

তারিখঃ ২০-১০-২০২০

## সংবাদ বিজ্ঞপ্তি

### (১)

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের আমন্ত্রণে বাংলাদেশ জাতীয় ফুটবল দল বনাম নেপাল জাতীয় ফুটবল দলের মধ্যকার ২ (দুই) টি ‘ফিফা টায়ার-১ আন্তর্জাতিক ফুটবল ম্যচ আগামী ১৩ ও ১৭ নভেম্বর ২০২০ তারিখ ঢাকায় বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে অদ্য ২০-১০-২০২০ তারিখ ৩৬ সদস্য বিশিষ্ট (তালিকা সংযুক্ত) বাংলাদেশ জাতীয় ফুটবল দলের নাম ঘোষনা করা হয়।

দলের সার্বিক বিষয়ে অবহিত করণের লক্ষ্যে আগামীকাল ২১-১০-২০২০ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় মতিঝিলস্থ বাফুফে ভবনে অনলাইন ভিডিও প্রেস কনফারেন্স (লিংক সংযুক্ত) এর মাধ্যমে বাংলাদেশ জাতীয় ফুটবল দলের সংবাদ সম্মেলন আয়োজন করা হয়েছে।

উক্ত অনলাইন ভিডিও প্রেস কনফারেন্সে ন্যাশনাল টিমস কমিটির চেয়ারম্যান ও বাফুফে সহ-সভাপতি কাজী নাবিল আহমেদ, এমপি, বাংলাদেশ জাতীয় ফুটবল দলের প্রধান প্রশিক্ষকসহ দলের গুরুত্বপূর্ণ কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন।

### (২)

‘ওয়ালটন স্মার্ট ফ্রিজ-ডিআরইউ মিডিয়া কাপ ফুটবল টুর্নামেন্ট ২০২০’ এর সমাপনী ও পুরস্কার বিতরনী অনুষ্ঠান আগামীকাল সকাল ১১.০০ ঘটিকায় শহীদ ক্যাপ্টেন (অবঃ) এম মনসুর আলী হ্যান্ডবল স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে। উক্ত পুরস্কার বিতরনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সিনিয়র সহ-সভাপতি জনাব আব্দুস সালাম মুর্শেদী, এমপি। এছাড়াও বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ উপস্থিত থাকবেন।

ইলেকট্রনিক/প্রিন্ট মিডিয়ার সকল সন্মানীত ক্রীড়া সাংবাদিক এবং ফটো সাংবাদিকবৃন্দকে উক্ত সমাপনী ও পুরস্কার বিতরনী অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য আন্তরিকভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

আহসান আহমেদ অমিত

হেড অব মিডিয়া

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।